যুগান্তর

তারিখ 0 5 MAR 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

# এসএসসি পরীক্ষা যুদ্ধ পরিস্থিতিতে নেয়া হচ্ছে : শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার, *সাভার*

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার যুদ্ধ পরিস্থিতির মধ্যে এসএসসি
পরীক্ষা নিচ্ছে। এই পরীক্ষা অনুষ্ঠানে বেশ কৌশলী হয়ে কাজ করতে হচ্ছে।
তিনি বলেন, গতানুগতিক ও প্রচলিত শিক্ষার বাইরে নতুন প্রজন্মকে আমরা গড়ে
তুলছি আধুনিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে দক্ষ ও জ্ঞানী নাগরিক হিসেবে।
বৃহস্পতিবার সকালে সাভার সেনানিবাসে সেনাবাহিনী পরিচালিত আর্মি
ইন্সটিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে একটি বিশেষায়িত প্রতিষ্ঠানের
উদ্বোধনী বক্তব্যে এসব কথা বলেন তিনি।
শিক্ষামন্ত্রী বলেন, সামরিক বাহিনী বিশ্বে সুনাম অর্জন করে জাতির জন্য অসামান্য
গৌরব বয়ে এনেছে। বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় তাদের অবদান অনস্বীকার্য।
পাশাপাশি দেশের নানা কর্মকাণ্ডে সম্পৃক্ত হয়ে জনগণের আস্থা অর্জন করেছে
সেনাবাহিনী। দেশ রক্ষার বাইরে সেনাবাহিনী মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে
তোলায় যে সফলতা অর্জন করেছে তাতে জাতি গর্বিত।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সেনাবাহিনীর নবম পদাতিক ডিভিশনের জিওসি মেজর
জেনারেল ওয়াকার উজ জামান, আর্মি ইন্সটিটিউট অব বিজনেস
অ্যাডমিনিস্ট্রেশনের পরিচালক অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল একেএমএম
শওকত হাসানসহ সেনাবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা।
অনুষ্ঠানে নবম পদাতিক ডিভিশনের জিওসি বলেন, সেনাবাহিনীর তত্ত্বাবধানে
পাঁচটি মেডিকেল কলেজ হাসপাতাল, তিনটি ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি এবং দুটি
আর্মি ইন্সটিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন প্রতিষ্ঠার উদ্যোগের অংশ হিসেবেই
এই প্রতিষ্ঠানটি যাত্রা শুরু করলো।